# ডিমলা উপজেলা আইসিটি কমিটির অক্টোবর /২০১৯ খ্রি. মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : মোছাঃ নাজমুন নাহার, উপজেলা নির্বাহী অফিসার , ডিমলা, নীলফামারী

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
তারিখ : ১০/১০/২০১৯খ্রি:
সময় : দুপুর ১২.৩০ ঘটিকায়
উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট- 'ক' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সরকারি সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পর্যায়ে আইসিটি'র বিকাশ ও উন্নয়ন এবং ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে উপজেলার আইসিটি কমিটির সদস্যবৃন্দের দৃষ্টি আকর্ষণ করেন। সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের সক্রিয় অংশগ্রহণে বিস্তারিত আলোচনা করেন এবং আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয় :

| ক্রমিক: | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১.০ | **আইসিটি অধিদপ্তর সম্পর্কে ধারণা প্রদান ও এর কার্যাবলি তুলে ধরাঃ**<br>সভার শুরুতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয় এর সহকারী প্রোগ্রামার ও আইসিটি কমিটির সদস্য-সচিব জনাব নাজিমুল ইসলাম তথ্য যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের কার্যাবলি তুলে ধরেন এবং ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সরকার ও দপ্তরের বিভিন্ন কর্মকান্ড সম্পর্কে সভায় উপস্থিত সদস্যদের পরিচয় করিয়ে দেন এবং সভার আলোচ্য বিষয়বস্তু সম্পর্কে সংক্ষিপ্ত বর্ণনা করেন। | উপস্থিত সদস্যবৃন্দ তথ্য যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের কার্যাবলি সম্পকে অবগত হন এবং অধিদপ্তরের কাজে সার্বিক সহযোগিতা করার অনুরোধ জানানো হয়। | আইসিটি কমিটির সকল সদস্য। |
| ২.০ | **উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে ওয়েব সাইটে তথ্য হালনাগাদ করণঃ**<br>উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সকল সরকারী প্রতিষ্ঠানের জাতীয় তথ্যবাতায়নে তথ্য হালনাগাদ করণে করণীয় বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>ইতিপূর্বে ডিসি অফিসে কয়েকবার ওয়েব পোর্টাল ট্রেনিং বিভিন্ন দপ্তরে কর্মকর্তা/ কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হয় এবং অন্যান্য দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন সময়ে এ বিষয়ে সহযোগিতা প্রদান করা হয় । | ১। ওয়েব সাইট হালনাগাদ করার জন্য দপ্তর প্রধানদের আরো আন্তরিক হওয়ার জন্য অনুরোধ জানানো হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়।<br><br>৩। ইউনিয়ন পর্যায়ে ১০০% ওয়েব সাইট হালনাগাদ বাস্তবায়নের কাজের জন্য ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণকে অনুরোধ করা হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়। | ১। দপ্তর প্রধান (সকল), এবং সার্বিক সহযোগীতায় সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।<br>২। উদ্যোক্তা (সকল) |
| ৩.০ | **ই-নথি বাস্তবায়ন সংক্রান্তঃ**<br>ই-নথি প্রশিক্ষণ ইতিমধ্যে উপজেলার বিভিন্ন অফিসের কর্মকর্তা এবং কর্মচারীরা জেলা প্রশাসকের কার্যালয়ে প্রশিক্ষণ সম্পন্ন করেছেন। পর্যায়ক্রমে উপজেলার অন্যান্য দপ্তরের কর্মকর্তা এবং কর্মচারীরাও প্রশিক্ষণের সুযোগ পাবেন। ইতিপূর্বে তিনি উপজেলা নির্বাহী কর্মকর্তা অফিসের কর্মচারীদেরকে দুই বা ততোধিকবার প্রশিক্ষণ প্রদান করেন এবং অন্যান্য দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন সময়ে এ বিষয়ে সহযোগিতা প্রদান করেন। | প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধান নিজ উদ্যোগে ই-নথি কার্যক্রম পরিচালিত করবে বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় এবং ই-নথি কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা করার জন্য সহকারী প্রোগ্রামারকে অনুরোধ জানানো হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়। | দপ্তর প্রধান (সকল), এবং সার্বিক সহযোগীতায় সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ৪.০ | **ইউনিয়ন ডিজিটাল সেন্টার কার্যক্রম সংক্রান্তঃ**<br>এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে , ইউনিয়ন ডিজিটাল সেন্টার গুলোতে প্রতিটি সেবার তালিকা মূল্যসহ ব্যানার এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টার এর সাইন বোর্ড থাকা বাধ্যতামূলক এবং তাদের আয়ের হিসাব নিয়মিত একসেবা তে আপলোড করতে হবে। এ বিষয়ে সহকারী প্রোগ্রামার কে মনিটরিং কার্যক্রম জোরদার করার জন্য নির্দেশ প্রদান করা হয়। | ১। জনগণের সরকারি সেবা নিশ্চিত প্রাপ্তির জন্য উদ্যোক্তারা যাতে নিয়মিত অফিসে অবস্থান করেন তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়।<br>২। ইউনিয়ন ডিজিটাল সেন্টারে রক্ষিত নষ্ট মালামাল উদ্যোক্তাদের মাধ্যমে সার্ভিসিং এর ব্যবস্থা করা এবং যে সমস্ত ডিজিটাল সেন্টারে | ১। ইউপি চেয়ারম্যান (সকল)<br><br>২। উদ্যোক্তা (সকল ) |

| | | | |
|---|---|---|---|
| | | ল্যাপটপ, ডেক্সটপ, ক্যামেরা, ফটোকপি মেশিন, সোলার সিস্টেম নেই তা এলজিএসপি ফান্ড থেকে ক্রয়ের জন্য ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়। | |
| ৫.০ | <u>**শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্তঃ**</u><br>এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান ডিমলা উপজেলার ৭টি শিক্ষা প্রতিষ্ঠানে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। | ১। ল্যাবের যথাযথ ব্যবহার যাতে ১০০% বাস্তবায়িত হয় তা সহকারী প্রোগ্রামার এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে মনিটরিং ও সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়। | ১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর,<br>২। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল) |
| ৬.০ | <u>**মাল্টিমিডিয়া ক্লাসরুম কার্যক্রম, শিক্ষক বাতায়ন পোর্টাল সংক্রান্তঃ**</u><br>এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যেঃ<br>ক)মাল্টিমিডিয়া মনিটরিং সিস্টেমে (<u>http://mmcm.gov.bd</u>) শিক্ষকরা যাতে নিয়মিত ক্লাস নেয় এবং তথ্য আপলোড করে সে জন্য মনিটরিং জোরদার করতে হবে।<br>খ) শিক্ষক বাতায়ন পোর্টাল সম্পর্কে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, ইতিমধ্যে শিক্ষকেরা শিক্ষক বাতায়ন পোর্টালে নিবন্ধনভুক্ত হয়েছেন তাতে দৈনিক কন্টেন্ট আপলোড, ডাউনলোড করছেন। | ১। মাল্টিমিডিয়া মনিটরিং সিস্টেম যাতে ১০০% বাস্তবায়িত হয় তা সহকারী প্রোগ্রামারকে মনিটরিং ও সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয়।<br>২। মাল্টিমিডিয়া মনিটরিং সিস্টেমে যাতে শতভাগ রিপোর্ট ভালো হয় এ ব্যপারে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার যথাযথ মনিটরিং ও সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়। | ১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর,<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,<br>৩। উপজেলা শিক্ষা অফিসার, |
| ৭.০ | সভায় উপস্থিত সম্মানিত সকল অতিথি এটা বিশ্বাস করেন যে, তাদের যৌথ উদ্যোগে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত 'ভিশন ২০২১', 'টেকসই উন্নয়ন ও অভীষ্ট লক্ষ্যমাত্রা-২০৩০' এবং 'ভিশন ২০৪১' বাস্তবায়নের মাধমে একটি উন্নত, সমৃদ্ধ, সোনার বাংলা গঠন করতে সক্ষম হবেন। | সভায় বক্তাগণ ডিজিটাল বাংলাদেশ গড়ার বিষয়ে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন এবং আইসিটি'র বিকাশে যৌথভাবে কাজ করার ইচ্ছা ব্যক্ত করেন। | সংশ্লিষ্ট সকলে |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোছাঃ নাজমুন নাহার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
ডিমলা, নীলফামারী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, ডিমলা, নীলফামারী
doict.dimla.nilphamari.gov.bd

স্মারক নং : ৫৬.০৪.৭৩১২.০০০.০৬.০০১.১৯-৩

তারিখ: ৩০ আশ্বিন, ১৪২৬ বঃ / ১৫ অক্টোবর, ২০১৯ খ্রিঃ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. মাননীয় সংসদ সদস্য , নীলফামারী -১
০২. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
০৩. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
০৪. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৫. জেলা প্রশাসক, নীলফামারী ।
০৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ডিমলা, নীলফামারী ।
০৭. সহকারী কমিশনার (ভূমি), ডিমলা, নীলফামারী ।
০৮. উপজেলা প্রকৌশলী, ডিমলা, নীলফামারী ।
০৯. উপজেলা কৃষি অফিসার, ডিমলা, নীলফামারী ।
১০. উপজেলা মৎস্য অফিসার, ডিমলা, নীলফামারী ।
১১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ডিমলা, নীলফামারী ।
১২. উপজেলা সমাজ সেবা অফিসার, ডিমলা, নীলফামারী ।
১৩. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ডিমলা, নীলফামারী ।
১৪. উপজেলা শিক্ষা অফিসার, ডিমলা, নীলফামারী ।
১৫. অফিসার ইন-চার্জ, ডিমলা থানা, নীলফামারী ।
১৬. অধ্যক্ষ, ডিমলা সরকারী মহিলা কলেজ, ডিমলা, নীলফামারী ।
১৭. অধ্যক্ষ, ডিমলা টেকনিক্যাল অ্যান্ড বি এম আই কলেজ , ডিমলা, নীলফামারী ।
১৮. প্রধান শিক্ষক, ডিমলা রানী বৃন্দারানী সরকারী উচ্চ বিদ্যালয়, ডিমলা, নীলফামারী ।
১৯. প্রধান শিক্ষক, ডিমলা উচ্চ বিদ্যালয়, ডিমলা, নীলফামারী ।
২০. ইনচার্জ, বিটিসিএল ডিমলা এক্সচেঞ্জ, নীলফামারী ।
২১. অফিস নথি।

15/10/19

( নাজিমুল ইসলাম )
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
ডিমলা, নীলফামারী
মোবাইলঃ ০১৭৩৭১৩৮৩২৩
nazib.tee@gmail.com

## পরিশিষ্ট – "ক"

## উপজেলার আইসিটি কমিটির অক্টোবর /২০১৯ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সভায় উপস্থিতির তালিকাঃ

| ক্রম | কমিটির সদস্য | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ডিমলা, নীলফামারী | স্বাক্ষরিত | উপস্থিত |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসার, ডিমলা, নীলফামারী | স্বাক্ষরিত | উপস্থিত |
| ০৩ | সহকারী কমিশনার (ভূমি),ডিমলা, নীলফামারী | ----- | অনুপস্থিত |
| ০৪ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ডিমলা, নীলফামারী | স্বাক্ষরিত | উপস্থিত |
| ০৫ | উপজেলা কৃষি অফিসার, ডিমলা, নীলফামারী | স্বাক্ষরিত | উপস্থিত |
| ০৬ | উপজেলা প্রকৌশলী, ডিমলা, নীলফামারী | ----- | অনুপস্থিত |
| ০৭ | উপজেলা মৎস্য অফিসার, ডিমলা, নীলফামারী | স্বাক্ষরিত | উপস্থিত |
| ০৮ | উপজেলা সমাজ সেবা অফিসার, ডিমলা, নীলফামারী | স্বাক্ষরিত | উপস্থিত |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ডিমলা, নীলফামারী | স্বাক্ষরিত | উপস্থিত |
| ১০ | উপজেলা শিক্ষা অফিসার, ডিমলা, নীলফামারী | স্বাক্ষরিত | উপস্থিত |
| ১১ | অফিসার ইন-চার্জ, ডিমলা থানা, নীলফামারী | ----- | অনুপস্থিত |
| ১২ | অধ্যক্ষ, ডিমলা সরকারী মহিলা কলেজ,ডিমলা, নীলফামারী | স্বাক্ষরিত | উপস্থিত |
| ১৩ | অধ্যক্ষ, টেকনিক্যাল অ্যান্ড বি এম আই কলেজ ,ডিমলা, নীলফামারী | স্বাক্ষরিত | উপস্থিত |
| ১৪ | প্রধান শিক্ষক, ডিমলা রানী বৃন্দারানী উচ্চ বিদ্যালয়, ডিমলা, নীলফামারী | ----- | অনুপস্থিত |
| ১৫ | প্রধান শিক্ষক, ডিমলা উচ্চ বিদ্যালয়, ডিমলা, নীলফামারী | স্বাক্ষরিত | উপস্থিত |
| ১৬ | ইনচার্জ, বিটিসিএল ডিমলা এক্সচেঞ্জ, নীলফামারী | ----- | অনুপস্থিত |
| ১৭ | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ডিমলা, নীলফামারী | স্বাক্ষরিত | উপস্থিত |